দৈনিক ইত্তেফাক 7

তারিখ ... 20 NOV 1994

পৃষ্ঠা 1 কলাম 5

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হল বন্ধ রাখিয়া ক্লাস শুরু করার দাবী

চট্টগ্রাম অফিস ॥ ছাত্র লীগ (শা-পা) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রহলসমূহ বন্ধ রাখিয়া অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী জানাইয়াছে। ছাত্রলীগ ভার্সিটি শাখা হইতে গতকাল (শনিবার) সকালে ৬ দফা দাবী সম্বলিত একটি স্মারকলিপি

(১১ পৃ: ৫-এর ক: দ্র:)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃ: পর)

ভিসির নিকট প্রদান করা হয়। স্মারকলিপিতে বলা হয় শিবির দীর্ঘদিন ধরিয়া হলভিত্তিক সন্ত্রাসের রাজত্ব কায়েম করিয়া আসিতেছে। স্মারকলিপিতে মুসা হত্যার সাহিত জড়িত মাবুদ জসিম আলমগীর এবং কর্মচারী নেতা জাকিরসহ শিবিরের চিহ্নিত সন্ত্রাসীদের বহিষ্কার এবং ফারুক হত্যার আসামী শিক্ষক মোজাম্মেল এবং নেছারের চাকুরিচ্যুতির দাবী জানানো হয়।